



পশ্চিমবঙ্গ সরকার

কৃষি বিভাগ

২০২৪-২৫ বর্ষে সরকারি ভরতুকিতে কৃষিযন্ত্র ক্রয় ও কৃষিযন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের সুবর্ণ সুযোগ
স্মারক সংখ্যা: 270-20/HQ তারিখ: 12.08.2024

- কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নিবন্ধীকৃত কৃষক/সরকারি যে কোনও দপ্তর দ্বারা স্বীকৃত কৃষকগোষ্ঠী/কৃষি সমবায়/সংস্থা মাটির কথা ওয়েবসাইটের (www.matirkatha.wb.gov.in) মাধ্যমে আগামী ২০.০৮.২০২৪ (সকাল ১১টা) থেকে ০৯.০৯.২০২৪ (বিকাল ৫ টা) পর্যন্ত ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়/কৃষিযন্ত্র ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন।
 - অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি সমস্ত প্রাসঙ্গিক নথি সহ FSSM ও OTA-SFI প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্লক এবং CHC ও FMH/FMB প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার কৃষিকরণে ১০.০৯.২০২৪ (বিকাল ৫ টা) - এর মধ্যে জমা দিতে হবে।
 - FSSM প্রকল্পে পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আগ্রহী কৃষকের কমপক্ষে ০.৫ একর কৃষিজমির নিজস্ব মালিকানা (ROR) থাকতে হবে।
 - শক্তিশালিত যন্ত্রের জন্য FSSM প্রকল্পে ভরতুকি-যন্ত্রভেদে মোট দামের ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।
 - হোটযন্ত্রের জন্য OTA-SFI প্রকল্পে ভরতুকি - মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০,০০০ টাকা।
 - FMH/FMB প্রকল্পে ন্যূনতম প্রকল্পব্যয় ১০ লক্ষ টাকা ও ভরতুকির পরিমাণ প্রকল্পব্যয়ের ৮০% বা ৮ লক্ষ টাকা।
 - কৃষিযন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য CHC প্রকল্পে ভরতুকি প্রকল্পব্যয়ের ৪০% বা নূনতম ৮ লক্ষ টাকা।
 - FSSM, OTA-SFI ও FMH/FMB প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলার পাম্পের ক্ষেত্রে সর্বাধিক ৪৫ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র মাটির কথা পোর্টালে তালিকাভুক্ত ডিলারের কাছ থেকে ক্রয় করে সংশ্লিষ্ট নথি সহ FSSM & OTA-SFI- প্রকল্পের ক্ষেত্রে ব্লক কৃষি করণে এবং CHC ও FMH/FMB- প্রকল্পের ক্ষেত্রে জেলা কৃষি করণে জমা করতে হবে।
 - কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই (Gero-tagging) করার পর নির্ধারিত ভরতুকির টাকা FSSM, OTA-SFI ও FMH/FMB প্রকল্পে সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে এবং CHC প্রকল্পের ক্ষেত্রে সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।
 - কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পে কৃষক সরাসরি নিজের কম্পিউটার বা বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে বা যে কোনও কম্পিউটার সেন্টারের মাধ্যমে বা নিকটস্থ সহ কৃষি অধিকর্তার করণের সহায়তায় অনলাইনে আবেদন করতে পারেন।
 - ২০২৪-২৫ সালে কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত এই সংক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে।
- বিশদে জানতে নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন বা www.matirkatha.wb.gov.in ওয়েবসাইট পরিদর্শন করুন।

Size : 12.1 cm (W) x 16 cm (H)